রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২০ সনের ৩৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১০, ২০২০

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৪১—৫৪৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬১৫—৬২৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৫৩—১৭৫ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৩৩—৬৬০ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ শ্রাবণ ১৪২৭/২১ জুলাই ২০২০

নং ০৩.০৯২.০১১.০০.০০.০০৪.২০১২-৫৯২—সরকারের অগ্রাধিকার প্রকল্প বা প্রাতিষ্ঠানিক সংস্কার কার্যক্রমের সুফল সুনির্দিষ্ট সময়সীমায় সুপরিকল্পিতভাবে জনগণের দোরগোড়ায় পৌছে দিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জিআইইউ) এর Steering Committee নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটি গঠন :

১. মাননীয় অর্থমন্ত্রী;
২. মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
৩. মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা;
৪. মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা (জিআইইউ-এর ইউনিট প্রধান);
৫. মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী;
৬. জনাব আবুল হাসান মাহমুদ আলী, মাননীয় সংসদ সদস্য, ৯ দিনাজপুর-৪;
(মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত জাতীয় সংসদ সদস্য)
৭. বেগম রুমানা আলী, মাননীয় সংসদ সদস্য, ৩১৪ মহিলা আসন-১৪;
(মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত জাতীয় সংসদের মহিলা সদস্য)

(খ) কার্যপরিধি :

মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে গঠিত Steering Committee বছরে অন্তত একবার সভা করে জিআইইউ-এর অগ্রগতি সম্পর্কে অবহিত হবেন এবং জিআইইউ- কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইসমাত মাহমুদা**
পরিচালক
গভর্নেন্স-ইনোভেশন ইউনিট
প্রধানমন্ত্রীর কার্যালয়।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**কল্যাণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ/১৪ মে ২০২০ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১২৩.১৮.০২২.২০-৩৫৪**—বৈশ্বিক কোভিড-১৯ প্রাকৃতিক দুর্যোগ জনিত কারণে সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া ঢাকার জন্য জরুরী প্রয়োজনে সরাসরি ক্রয় পদ্ধতিতে Real Time PCR System মেশিন ক্রয়ের নিমিত্ত নিম্নোক্ত কর্মকর্তা সমন্বয়ে মূল্যায়ন কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো:

**সভাপতি**

১। পরিচালক
সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিশেষজ্ঞ প্রতিনিধি একজন।

৩। উপপরিচালক
সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।

৪। উপসচিব (কল্যাণ)
জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সিভিল সার্জন
বাংলাদেশ সচিবালয়, ক্লিনিক

৬। জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন)
সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।

৭। জুনিয়র কনসালটেন্ট (প্যাথলজি)
সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।

৮। কেন্দ্রিয় ভেটেরিনারী হাসপাতাল
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা এর একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

৯। আবাসিক সার্জন
সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।

**কমিটির কার্যপরিধি** : সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকার জন্য জরুরী প্রয়োজনে Real Time PCR System মেশিন সরাসরি ক্রয় পদ্ধতিতে ক্রয়ের জন্য পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুযায়ী সরাসরি ক্রয়পদ্ধতিতে দাখিলকৃত দরপত্র/ কোটেশনে উল্লিখিত মালামালের মূল্য, গুনাগুণ, সংখ্যা, পরিমাণ ইত্যাদি যাচাই-বাছাই পূর্বক ক্রয়ের সুপারিশ করা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ কামাল হোসেন**
উপসচিব।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অর্থ মন্ত্রণালয়**
**অধিশাখা-৩ (শুল্ক)**

**আদেশ**

তারিখ : ২৮ মাঘ ১৪২৬/১১ ফেব্রুয়ারি ২০২০

**নং ০৮.০০.০০০০.০৩৮.২৭.০২৪.১৯-৩১**—জাতীয় রাজস্ব বোর্ড এর ০২ জানুয়ারি ২০২০ তারিখের " যেহেতু সহকারী কমিশনার জনাব মোঃ জুলফিকার আলীকে তৎকালীন ২২-০৩-২০১২ খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত করা হয়নি; সেহেতু, তাঁর ০৫-০৮-২০১৯ খ্রিঃ তারিখের সাময়িক বরখাস্তকরণের আদেশ প্রত্যাহার করা যেতে পারে" মর্মে মতামতের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ জুলফিকার আলী, সহকারী কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (প্রাক্তন সহকারী কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম)- কে সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত এ বিভাগের ০৫ আগস্ট ২০১৯ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.২৭.০৮২.১৬-৪৮৮ নম্বর আদেশটি নির্দেশক্রমে এতদ্বারা প্রত্যাহার করা হলো।

**সুরাইয়া পারভীন শেলী**
উপসচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**উর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**শোক বার্তা**

তারিখ : ১২ শ্রাবণ ১৪২৭/২৭ জুলাই ২০২০

**নং ০৫.০০.০০০০.১৩১.০০.১৫৪.২০-৪৮১**—পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিচালক (যুগ্মসচিব) জনাব জাফর আহাম্মদ খান (৭৬৩০) করোনা ভাইরাস (কোভিড-১৯) এ আক্রান্ত হয়ে গত ২০ জুন ২০২০ তারিখ শনিবার রাত ৮:০০ ঘটিকায় সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি.............রাজিউন)।

২। জনাব জাফর আহাম্মদ খান (৭৬৩০) ০১ জানুয়ারি ১৯৬৪ তারিখে বরিশাল জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ২৬ জানুয়ারি ১৯৯১ তারিখে বিসিএস (পরিসংখ্যান) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ২১ ডিসেম্বর ২০১৭ তারিখে সরকারের যুগ্মসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি সর্বশেষ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিচালক (যুগ্মসচিব) হিসেবে কর্মরত ছিলেন।

৩। জনাব জাফর আহাম্মদ খান (৭৬৩০) তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক পুত্র ও এক কন্যাসহ আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব জাফর আহাম্মদ খান (৭৬৩০) এর অকাল মৃত্যুতে গভীর শোকা প্রকাশসহ তার রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রিয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ শ্রাবণ ১৪২৭/২১ জুলাই ২০২০

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৬.১৭-৩২৯**—বীমা কর্পোরেশন আইন ২০১৯ এর ৯(১)(ক) ধারা অনুযায়ী জনাব মোঃ জিয়াউল ইসলাম, সিনিয়র সচিব (অবসরপ্রাপ্ত)-কে সাধারণ বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে চেয়ারম্যান হিসেবে তাঁর যোগদানের তারিখ থেকে সর্বোচ্চ ০৩(তিন) বছরের জন্য নিয়োগ করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ সিদ্দিকুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০৬ জুলাই ২০২০ খ্রিঃ

**নং বিচার-৭/২-এন-১১১/৮১-১০৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ মাহফুজুর রহমান, পিতা-বজলুর রহমান, মাতা-ফাতেমা বেগম, গ্রাম-টুকারকান্দি, ডাকঘর-আদমপুর, উপজেলা-অষ্টগ্রাম, জেলা-কিশোরগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কিশোরগঞ্জ জেলার অষ্টগ্রাম উপজেলার ০৬ নং আদমপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ আনোয়ারুল হক**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**

**শোক বার্তা**

তারিখ : ২২ জুলাই ২০২০ খ্রিঃ

**নং ৫৫.০০.০০০০.১০৬.৯৯.০০৪.২০-১১৮**—অত্যন্ত দুঃখের সহিত জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব জনাব নরেন দাস কোভিড-১৯ রোগে আক্রান্ত হয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন অবস্থায় ২১ জুলাই, ২০২০ রোজ মঙ্গলবার সন্ধ্যা ৭.১৫ ঘটিকায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৫ বছর। পরম করুনাময় তাঁর বিদেহী আত্মার শান্তি প্রদান করুন।

২। জনাব নরেন দাস ৭ মার্চ ১৯৬৫ খ্রিঃ তারিখে ঢাকা জেলায় একটি সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ২৬-০১-১৯৯১ খ্রিঃ তারিখে নবম বিসিএস (বিচার) ক্যাডারে সহকারী জজ হিসেবে সরকারি চাকরিতে যোগদান করেন এবং ০৩-১১-২০১৯ খ্রিঃ তারিখ হতে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব হিসেবে কর্মরত ছিলেন।

৩। জনাব নরেন দাস প্রায় ৩০ বছরের দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান, বিনয়ী ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও এক কন্যাসহ বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তার মৃত্যুতে সরকার একজন সৎ, যোগ্য ও নিষ্ঠাবান কর্মকর্তাকে হারালো।

৪। জনাব নরেন দাস এর মৃত্যুতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক এম,পি এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের দায়িত্বপ্রাপ্ত সচিব জনাব মোঃ মইনুল কবিরসহ সকল কর্মকর্তা-কর্মচারী গভীরভাবে শোকাহত এবং তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**ড. মোঃ জাকেরুল আবেদীন**
যুগ্মসচিব (প্রশাসন)।

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**এনসিএসটি সেল ও বঙ্গবন্ধু ফেলোশিপ ট্রাস্ট**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ শ্রাবণ ১৪২৭/২৭ জুলাই ২০২০

**নং ৩৯.০০.০০০০.০৩৫.২৯.০১১.১৯.৭৮**—২০২০-২১ অর্থবছরে "দেশে স্থানীয়ভাবে উদ্ভাবিত লাগসই প্রযুক্তির প্রয়োগ ও সম্প্রসারণ" শীর্ষক সেমিনার/কর্মশালা ও প্রদর্শনী আয়োজনের লক্ষ্যে উপজেলা বাছাইয়ের সুপারিশের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি পুনর্গঠন করা হলো :

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব (বিপ্র), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা-এর পরিচালক পর্যায়ের একজন মনোনীত প্রতিনিধি।

(৩) বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ-ঢাকা এর পরিচালক পর্যায়ের একজন মনোনীত প্রতিনিধি।

(৪) কৃষি মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন মনোনীত প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৫) উপসচিব/সিনিয়র সহকারী সচিব, এনসিএসটি সেল, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

* কমিটির কার্যপরিধি "দেশে স্থানীয়ভাবে উদ্ভাবিত লাগসই প্রযুক্তির প্রয়োগ ও সম্প্রসারণ" শীর্ষক সেমিনার/কর্মশালা ও প্রদর্শনী আয়োজনের লক্ষ্যে উপজেলা নির্ধারণ ও সুপারিশ প্রদান।

* কমিটির মেয়াদ : উক্ত কমিটির মেয়াদ হবে ২(দুই) বছর।

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**রতন কুমার মন্ডল**
উপসচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**পরিমেয় ঐতিহ্য শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ শ্রাবণ ১৪২৭/১৯ জুলাই ২০২০

**নং ৪৩.০০.০০০০.১২৯.০৬.০০২.২০.১৩৮**—'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ এর ৭ নম্বর ধারামতে 'মণিপুরী ললিতকলা একাডেমি,' কমলগঞ্জ, মৌলভীবাজার এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্তভাবে ১০ (দশ) সদস্য বিশিষ্ট নির্বাহী পরিষদ গঠন করা হলো :

| ক্রমিক নং | নাম ও পদবি | সাংগঠনিক ও পেশাগত অভিজ্ঞতা | ঠিকানা | পরিষদের পদবি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | |
| ০১ | জেলা প্রশাসক | -- | জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। | সভাপতি |
| ০২ | উপসচিব পরিমেয় ঐতিহ্য | -- | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য |

| ১ | ২ | ৩ | ৪ | |
|---|---|---|---|---|
| ০৩ | উপসচিব | -- | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য |
| ০৪ | উপজেলা নির্বাহী অফিসার কমলগঞ্জ, মৌলভীবাজার | -- | কমলগঞ্জ উপজেলা প্রশাসন, মৌলভীবাজার। | সদস্য |
| ০৫ | জনাব আহমদ সিরাজ | বিশিষ্ট লেখক, গবেষক ও প্রতিবেদক, সভাপতি, বাংলাদেশ শব্দকর সমাজ কল্যাণ সমিতি। | গ্রাম- শ্রীনাথপুর, ডাক- কমলগঞ্জ, মৌলভীবাজার। | সদস্য |
| ০৬ | জনাব শ্যামা কান্ত সিংহ | প্রধান শিক্ষক পদ্মা মেমোরিয়াল পাবলিক উচ্চ বিদ্যালয় এবং বিভিন্ন সামাজিক কাজে নিয়োজিত। | গ্রাম-গোলের হাওর, ডাকঘর-আদমপুর, কমলগঞ্জ, মৌলভীবাজার। | সদস্য |
| ০৭ | জনাব যুগেশ্বর চ্যাটার্জি | সভাপতি মণিপুরী মহারাসলীলা সেবা সংঘ ও সুপরিচিতি ব্যক্তিত্ব একনিষ্ঠ সমাজ সেবক। | গ্রাম- বামন গাঁও, ডাকঘর-কেরামতনগর, কমলগঞ্জ, মৌলভীবাজার | সদস্য |
| ০৮ | জনাব কৃষ্ণ কুমার সিংহ | সহকারী শিক্ষক কমলগঞ্জ সরকারী মডেল হাই স্কুল এবং বিভিন্ন সামাজিক কাজে নিয়োজিত সাংস্কৃতিক ব্যক্তিত্ব। | গ্রাম- আদমপুর, ডাকঘর-আদমপুর, কমলগঞ্জ, মৌলভীবাজার। | সদস্য |
| ০৯ | জনাবা অঞ্জনা সিন্‌হা | সহকারী শিক্ষিকা মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং সামাজিক কাজে নিয়োজিত সাংস্কৃতিক ব্যক্তিত্ব। | গ্রাম- ছয়ঘরি, ডাকঘর-আদমপুর, কমলগঞ্জ, মৌলভীবাজার। | সদস্য |
| ১০ | উপপরিচালক | -- | মণিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার। | সদস্য-সচিব |

২। 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০' এর ৭(২) উপধারা অনুযায়ী পরিষদের মনোনীত সদস্যগণ তাঁদের মনোনয়নের তারিখ থেকে ০৩ (তিন) বছরের জন্য সদস্য পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময়ে যে কোন মনোনীত সদস্যের সদস্যপদ বাতিল করতে পারবে কিংবা নির্বাহী পরিষদ পুনর্গঠন করতে পারবে এবং একই আইনের ৭(৩) উপধারা অনুযায়ী মনোনীত কোন সদস্য যে কোন সময় সরকারকে উদ্দেশ্য করে তাঁর স্বাক্ষরযুক্ত পত্রযোগে একমাসের নোটিশ প্রদানপূর্বক স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ০১-০৭-২০২০ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাম্মৎ জোহরা খাতুন**
উপসচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন অধিশাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ আষাঢ়, ১৪২৭/২৯ জুন, ২০২০

**নং ৪৭.০০.০০০০.০৩২.২৭.০১৫.১৯-১৫৭**—যেহেতু, জনাব মোঃ আবুল হোসেন, প্রাক্তন যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা হিসেবে (বর্তমানে পিআরএল ভোগরত) কর্মরত থাকা অবস্থায় জয় ফাইন্যান্স এন্ড মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর নাম পরিবর্তন করে জয়েন্ট ইসলামিক ফাইন্যান্স এন্ড কমার্স মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ করা এবং কর্মএলাকা ঢাকা মহানগর হতে সমগ্র ঢাকা বিভাগব্যাপী বৃদ্ধির বিষয়ে যথার্থতা যাচাই না করে উপ-আইন সংশোধন করায় সমিতি কর্তৃপক্ষ সমিতির নামকে পুঁজি করে জনগণের নিকট হতে আমানত গ্রহণ করার সুযোগ পায় ও পরবর্তীতে গা ঢাকা দেয়। উপ-আইন সংশোধনের সময় সতর্কতা অবলম্বন করলে সমিতি কর্তৃপক্ষ অবাধে জনগণের নিকট হতে অর্থ সংগ্রহ ও সংগৃহীত অর্থ আত্মসাতের সুযোগ পেত না। উপ-আইন সংশোধনের দ্বারা অর্থ সংগ্রহ ও অর্থ আত্মসাত করার সুযোগ করে দেয়ার দায়ে জনাব মোঃ আবুল হোসেন-কে দায়ী করা হয়। পরবর্তীতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির ১৬তম বৈঠকে গৃহীত সিদ্ধান্তের আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক সম্পাদিত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযুক্ত কর্মকর্তা হিসেবে জনাব আবুল হোসেন এর বিরুদ্ধে অভিযোগ আনয়ন করে কর্তব্যে অবহেলা প্রদর্শনের কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণের (Misconduct) দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়।

২। যেহেতু, জনাব মোঃ আবুল হোসেন এর বিরুদ্ধে আনীত অভিযোগে ০৪-০৯-২০১৯ তারিখে ৪৭.০০.০০০০.০৩২.২৭. ০১৫.১৯-৩৮৭(২) নম্বর স্মারকে কারণ দর্শাতে বলা হলে তিনি ০২-১০-২০১৯ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। ১৯-০১-২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ অনুষ্ঠিত হয়। তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য বিবেচনায় অভিযোগটি তদন্ত করার জন্য জনাব মোঃ আহসান কবীর, অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা ১৪-০৬-২০২০ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ আবুল হোসেন এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে নির্দোষ মর্মে মতামত প্রদান করেছেন; এবং

৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে নির্দোষ প্রমাণিত হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

৪। সেহেতু, জনাব মোঃ আবুল হোসেন, প্রাক্তন যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা (বর্তমানে পিআরএল ভোগরত)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(৮) বিধি মোতাবেক অব্যাহতি প্রদান করা হ'ল।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রেজাউল আহসান**
সচিব।

---

**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ আষাঢ়, ১৪২৭/১৪ জুলাই, ২০২০

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০৪৫.২০১৫-৩৯৪**—যেহেতু, জনাব বিপ্লব পাল, উপজেলা প্রকৌশলী, নরসিংদী সদর, নরসিংদীতে কর্মরত থাকাকালীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন নরসিংদী সদর উপজেলার বালুসাইর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণী কক্ষ নির্মাণ প্রকল্পসহ চলমান উন্নয়ন প্রকল্পসমূহের যথাযথভাবে তদারকি না করায় বর্ণিত প্রকল্পসমূহের কাজ এবং স্পেসিফিকেশন মোতাবেক বাস্তবায়িত না হওয়ায় সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হওয়াসহ সরকারি অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত হয়নি।

২। যেহেতু, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন নরসিংদী সদর উপজেলার বালুসাইর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণী কক্ষ নির্মাণ প্রকল্পের প্রাক্কলিত মূল্য ৮৭,৭৭,২৮৭/- (সাতাশি লক্ষ সাতাত্তর হাজার দুইশত সাতাশি) টাকা। উক্ত কাজের অগ্রগতি ৩০%। প্রাক্কলিত মূল্য হতে মোট ২৫,০২,২৩২ (পঁচিশ লক্ষ দুই হাজার দুইশত বত্রিশ) টাকা ইতোমধ্যে ঠিকাদারকে বিল হিসেবে প্রদান করা হয়েছে। নিম্নমানের কাজের ফলে এবং আঁকাবাঁকা গ্রেড বীম ও ড্রপ ওয়াল নির্মাণের ফলে যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে বিধায় উক্ত বিদ্যালয়টির শ্রেণী কক্ষ সম্পূর্ণ ভেঙ্গে নতুনভাবে তৈরি করতে হবে। এতে প্রাথমিকভাবে প্রমাণিত হয় যে, উপজেলা প্রকৌশলী, জনাব বিপ্লব পাল ঠিকাদারের সাথে পরস্পর যোগসাজশের মাধ্যমে উক্ত অর্থ আত্মসাৎ করেছেন। এ পরিপ্রেক্ষিতে, সরকারি কর্মচারী (শৃংঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও (ঘ) এর অধীনে কার্যক্রম গ্রহণের প্রস্তাব করা হয়েছে।

৩। সেহেতু, জনাব বিপ্লব পাল, উপজেলা প্রকৌশলী, উপজেলা সদর নরসিংদী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২ বিধি অনুযায়ী সরকারি চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরাকীভাতা প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হেলালুদ্দীন আহমদ**
সিনিয়র সচিব।